

আঠা

অনেক তুলেছ ছবি।  
এইবার  
মুছে যেতে চাওয়া হয়তো ভালো!

অনেক তুলেছ হাসিমুখ।  
এইবার  
ছবিটির কোণ থেকে তুলে নাও  
একফোঁটা-দুফোঁটা আঠালো

রত্ত। নাকি, অশ্রু? বা আঠা-ই

যা হোক, যেভাবে হোক,  
এইবার  
বাঁ হাতের উল্টোপিঠে, সাবধানে, অথচ সহজে

মুছে ফেলতে শিখে রাখা চাই ...

মন্দাত্রাস্তা সেন

